



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০১.১৮.১৯১০

তারিখ: ১৭ কার্তিক ১৪২৭

০২ নভেম্বর ২০২০

বিষয়: কমিশন হতে অপারেশন কার্যক্রম পরিদর্শনকালে প্রাপ্ত বিভিন্ন ব্যত্যয়/ অসামঞ্জস্যতা প্রসঙ্গে।

সূত্র: (১) বিটিআরসির পত্র নং-১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০৫.১৮.১৭৩২; তারিখ: ২৫/১১/২০১৮ইং।

(২) বিটিআরসি পত্র নং- ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০২.১৪.৮১৬; তারিখ: ২৪/০৪/২০১৮ইং।

(৩) বিটিআরসি পত্র নং- ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০২.১৪.৮১৩; তারিখ: ২৪/০৪/২০১৮ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কমিশন থেকে বিভিন্ন সময়ে সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট বিভাগ/ শাখা হতে লাইসেন্সধারী আইএসপি প্রতিষ্ঠান সমূহের অপারেশনাল কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শনকালীন সময়ে কিছু কিছু ক্ষেত্রে দেখা যায়, সংশ্লিষ্ট লাইসেন্সধারী আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক কমিশনে দাখিলকৃত অপারেশন্স সংক্রান্ত তথ্য এবং সরেজমিনে পরিদর্শনকালীন প্রাপ্ত তথ্যের অসামঞ্জস্যতা/ অমিল রয়েছে। পরিদর্শনদল কর্তৃক পরিদর্শনকালে বিভিন্ন আইএসপি প্রতিষ্ঠানের অপারেশন্স এর ক্ষেত্রে উল্লেখযোগ্য কয়েকটি ব্যত্যয়/ অসামঞ্জস্যতা নিম্নে তুলে ধরা হলোঃ

(ক) কমিশন কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক ইন্টারনেট সেবা প্রদানের উদ্দেশ্যে ISP লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক PoP স্থাপন/ স্থানান্তর/ বাতিলের পূর্বে কমিশন কে অবগত না করা।

(খ) বিটিআরসির Data Information System (DIS) পোর্টাল এ সঠিকভাবে সকল তথ্য প্রদান না করা।

(গ) Infrastructure Sharing Guideline, 2011 এ উল্লেখিত শর্ত সমূহ সঠিকভাবে প্রতিপালন না করে কার্যক্রম পরিচালনা করা।

(ঘ) একই মালিকানায় ক্যাবল টিভি লাইসেন্স ও আইএসপি লাইসেন্স গ্রহন পূর্বক কমিশনের নির্দেশনা/ গাইডলাইন অনুসরণ না করে ক্যাবল টিভি সেবা প্রদানের কাজে ব্যবহৃত অপটিক্যাল ফাইবার এর মাধ্যমে ইন্টারনেট সেবা প্রদান সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা।

(ঙ) বিটিআরসির অনুমোদন গ্রহন না করে নিজস্ব নেটওয়ার্ক অপারেশন সেন্টার (NOC) এর পরিবর্তে অন্যত্র Cache Server স্থাপন করা, ক্যাশ সার্ভার প্রদানকারী সংস্থা ও ব্যবহারকারী প্রতিষ্ঠানের মধ্যকার চুক্তি এবং ক্যাশ সার্ভারের মনিটরিং লিংক (অননেট/অফনেট, MRTG) কমিশনকে প্রদান না করা।

(চ) লাইসেন্সবিহীন প্রতিষ্ঠান কর্তৃক অবৈধ রিসেলার তৈরী করার মাধ্যমে ইন্টারনেট সেবা প্রদান সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা।

(ছ) কমিশন হতে জারিকৃত নির্দেশনা মোতাবেক আইএসপি লাইসেন্সধারী প্রতিষ্ঠান সমূহকে তাদের সকল গ্রাহকগণের IP Log (Device Identity/ Time Stamp) কমপক্ষে ১২ (বার) মাস রাষ্ট্রীয় স্বার্থ ও জননিরাপত্তার বিষয় বিবেচনা করে সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হলেও কতিপয় প্রতিষ্ঠান তা যথাযথভাবে প্রতিপালন করছে না।

(জ) বিভিন্ন এলাকায় কমিশন হতে আইএসপি লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানকে যথাযথভাবে কার্যক্রম গ্রহণে এবং ইন্টারনেট সেবা দেয়ার ক্ষেত্রে বাঁধা প্রদান করা।

২। এমতাবস্থায়, কমিশনের সকল আইএসপি লাইসেন্সধারী প্রতিষ্ঠান সমূহের মধ্যে যদি কোন প্রতিষ্ঠান উপরোল্লিখিত ব্যত্যয়/ অসামঞ্জস্যতা করে থাকে তবে তা অতিসত্ত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক নিরসণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

পরবর্তিতে, উপরোল্লিখিত ব্যত্যয় সমূহ পরিলক্ষিত হলে এবং যথাযথ পদক্ষেপ গৃহীত না হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে 'বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১' অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

৩। বিষয়টি আপনাদের সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো।



২-১১-২০২০

শিবলী ইমতিয়াজ

সিনিয়র সহকারী পরিচালক

ইমেইল: shiblee@btrc.gov.bd

চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা,
(সকল Nationwide ISP, Central Zone
ISP এবং Zonal ISP, এবং ক্যাটাগরী- A,B,C
অপারেটর)।

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৮০০.৩৬.০০১.১৮.১৯১০/১

তারিখ: ১৭ কার্তিক ১৪২৭

০২ নভেম্বর ২০২০

অনুলিপিঃ

১) সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি), স্পেস শ্যালোট,
ফ্ল্যাট- সি/১, বাড়ী- ৩/এ, রোড- ৯৬, গুলশান- ২, ঢাকা।



২-১১-২০২০

শিবলী ইমতিয়াজ

সিনিয়র সহকারী পরিচালক